

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭৮৮

আগরতলা, ৫ ফেব্রুয়ারি, ২০২৪

খোয়াই ও সিপাহীজলা জেলার বিভিন্ন দোকানে  
ওজন ও পরিমাপ দপ্তরের অভিযান

ওজন ও পরিমাপ দপ্তরের উদ্যোগে সম্প্রতি খোয়াই ও সিপাহীজলা জেলার বিভিন্ন দোকানে অভিযান চালানো হয়। সহায়তায় ছিল আরক্ষা দপ্তর। অভিযান চলাকালীন সময়ে প্যাকেটজাত পণ্য আইন লঙ্ঘনের জন্য খোয়াইয়ের ২ জন এবং বিশালগড়ের ৩ জন ব্যবসায়ীকে আর্থিক জরিমানা করা হয়েছে। জরিমানা বাবদ তাদের কাছ থেকে মোট ২০ হাজার টাকা আদায় করা হয়েছে। আগামীদিনেও এই ধরনের অভিযান জারি থাকবে বলে ওজন ও পরিমাপ দপ্তরের পক্ষ থেকে এক প্রেস রিলিজে এ সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*